



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির ১৫ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন



২১ জুন ২০২১-সোমবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির ১৫ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষে বিশেষ আয়োজন সমিতির কার্যালয়ে স্বাস্থ্যবিধি মেনে অনুষ্ঠিত হয়। এসময় কেক কেটে অনুষ্ঠানের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক।

অনুষ্ঠানে সাংবাদিক সমিতির আহ্বায়ক লতিফুল ইসলাম -এর সভাপতিত্বে ও সদস্য সচিব আহসান জোবায়ের-এর সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ, প্রক্টর, রেজিস্ট্রার এবং অন্যান্য শিক্ষক, কর্মকর্তা ও সাংবাদিক প্রতিনিধিবৃন্দ।

শহীদ সাংবাদিক সেলিনা পারভীন স্মৃতি পাঠাগারের উদ্বোধন করেন উপাচার্য।

উল্লেখ্য আজ রাত ৮টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি এর প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে "গণমাধ্যম প্রেক্ষিত বাংলাদেশ" শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত হবে।